যুগান্তর

তারিখ 23 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 7

# আজ পিকেবি স্কুল অ্যান্ড কলেজের নবীনবরণ

## সব প্রস্তুতি সম্পন্ন

**স্টাফ রিপোর্টার,** *নবাবগঞ্জ*

ঢাকার নবাবগঞ্জ উপজেলার বর্ধনপাড়ায় পিকেবি স্কুল অ্যান্ড কলেজের নবীনবরণ আজ শুক্রবার বেলা ১১টায় অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে কলেজের চারপাশে ব্যাপক সাজসজ্জা করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এমপি। বিশেষ অতিথি থাকবেন সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি এবং ঢাকা জেলা পুলিশ সুপার শাহ মিজান শাফিউর রহমানসহ রাজনৈতিক নেতৃবৃন্দ ও প্রশাসনের কর্মকর্তারা।

অনুষ্ঠান উপলক্ষে বৃহস্পতিবার সকাল থেকেই কলেজটি ঘিরে আনন্দঘন পরিবেশ বিরাজ করছে। ছাত্রছাত্রী, শিক্ষক ও অভিভাবকদের মধ্যে এক ধরনের উৎফুল্লতা দেখা গেছে। নবীনবরণকে কেন্দ্র করে ওই এলাকার মানুষের মধ্যে কৌতূহলের সৃষ্টি হয়েছে। অনুষ্ঠানে বরেণ্য শিল্পীদের উপস্থিতিতে পরিবেশন করা হবে সঙ্গীতসন্ধ্যা।

১৯৯৮ সালে পাঠানকান্দা, কোমরগঞ্জ ও বর্ধনপাড়া এই তিন গ্রামের নামের আদ্যাক্ষর নিয়ে মুক্তিযোদ্ধা ও আওয়ামী লীগ নেতা আবদুল বাতেন মিয়া পিকেবি উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। পরবর্তী সময়ে এটা কলেজে রূপান্তরিত হয়। এ প্রতিষ্ঠানে বর্তমানে প্রায় সাড়ে ৮শ' শিক্ষার্থী ও ৩৬ জন শিক্ষক-শিক্ষিকা রয়েছেন। ঢাকা-নবাবগঞ্জ সড়কের পাশে বর্ধনপাড়ায় ৭৯ শতাংশ জমিতে দুটি দ্বিতল ভবন ও দুটি টিন শেডের ঘর নিয়ে এ শিক্ষাপ্রতিষ্ঠানটি গড়ে তোলা হয়েছে। ভালো ফলাফল, খেলাধুলা ও সাংস্কৃতিক অঙ্গনে কৃতিত্ব রেখেছে প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা।

প্রতিষ্ঠাতা আবদুল বাতেন মিয়া বলেন, অনেক ত্যাগ আর কষ্টের বিনিময়ে এ অঞ্চলের মানুষের সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে এ প্রতিষ্ঠান করা হয়েছে।